# জন্ম দান

# Partorire


LIDA Norge

Sara Dorthea Johannesen

Tahmina Akter


4

বাংলা bn / Italiano it

সেলামাভিটের বয়স ২৯ বছর। সে ইরিত্রিয়ায় তার প্রথম সন্তানের জন্ম দেয়। সে ও তার পরিবার সেখানে কঠিন সময় কাটিয়েছিল, তাই তারা ইতালি যাওয়ার সিদ্ধান্ত নিয়েছিল।

• • •

Selamawit ha 29 anni. Ha avuto il suo primo figlio in Eritrea. La vita lì era dura per lei e la sua famiglia, così hanno deciso di trasferirsi in Italia.

ইঙ্গা ১৯ বছর বয়স হওয়ার আগেই বাড়ি ছেড়ে চলে যায়। সে নরওয়েতে চলে যায় এবং সেখানে তার প্রথম সন্তানের জন্ম হয়।

• • •

Inga è andata via da casa poco prima di compiere 19 anni. Si è trasferita in Norvegia e lì ha avuto il suo primo figlio.

সেলামাভিটের গর্ভে যখন তার দ্বিতীয় সন্তান আসে, তখন সে ভেবেছিল যে অন্য কোনও দেশে সন্তান নেওয়া কেমন হবে।

• • •

Quando Selamawit è rimasta incinta del suo secondo bambino, si chiedeva come sarebbe stato avere un figlio in un paese diverso.

সেলামাভিট আর ইঙ্গা আলাদা জায়গা থেকে এসেছে। সেলামাভিট নিরাপদ বোধ করেছিল কারণ তার প্রসবের অভিজ্ঞতা ছিল। ইঙ্গা তার মায়ের সাথে সন্তান প্রসবের বিষয়ে কথা বলেছিল।

• • •

Selamawit e Inga provengono da situazioni diverse. Selamawit si sente tranquilla perché aveva già partorito. Inga ha parlato del parto con sua madre.

দুইজন মহিলাই শুনেছিলেন যে, বেশিরভাগ ইউরোপীয় দেশে গর্ভবতী মহিলাদের প্রসবপূর্ব যত্নের অধিকার রয়েছে। এর অর্থ হল তারা তাদের গর্ভাবস্থায় সহায়তা পাবেন। সেলামাভিট যে গর্ভবতী, তা বুঝতে পারার সাথে সাথেই তার ডাক্তারের সাথে যোগাযোগ করেছিল। সেলামাভিটের স্বামী তাকে ডাক্তারের কাছে নিয়ে যায়।

• • •

Entrambe avevano sentito dire che, nella maggior parte dei paesi europei, le donne incinta hanno diritto all’assistenza prenatale. Questo significava che sarebbero state aiutate durante la gravidanza. Selamawit ha preso appuntamento con il suo dottore non appena si è resa conto di essere incinta. Suo marito l’ha accompagnata in macchina dal dottore.

ডাক্তার কিছু পরীক্ষা করেছিলেন এবং জানতে পেরেছিলেন যে সেলামাভিটের এক ধরণের ডায়াবেটিস রয়েছে, যা কিছু গর্ভবতী মহিলাদের হয়। তাকে স্বাস্থ্যকর খাবার খেতে ও ব্যায়াম করতে হয়েছিল। সেলামাভিট খুশি হয়েছিল যে, সে ও তার শিশু অসুস্থ হওয়ার আগেই ডাক্তারের কাছে গিয়েছিল।

• • •

Il dottore le ha fatto fare dei test da cui è risultato che aveva un tipo di diabete che alcune donne incinte hanno. Avrebbe dovuto mangiare cibo sano e fare esercizio. Selamawit era contenta di essere andata presto dal dottore, prima che lei e il suo bambino si ammalassero.

যখন ইঙ্গার প্রতিবেশী জানতে পারেন যে, সে একটি সন্তান নেওয়ার চেষ্টা করছে, তখন প্রতিবেশী তাকে গর্ভবতী হওয়ার সাথে সাথেই একজন ডাক্তারের সাথে দেখা করতে বলেছিলেন। এইভাবে সে নিশ্চিত করতে পেরেছিল যে, সে আর তার বাচ্চা সুস্থ আছে। ডাক্তার তাকে ফলিক অ্যাসিড গ্রহণ করতে বলেছিলেন, যা গর্ভবতী মহিলাদের জন্য গুরুত্বপূর্ণ একটি ভিটামিন।

• • •

Quando la vicina di casa ha saputo che Inga stava provando ad avere un figlio, le ha detto di andare dal dottore non appena si sarebbe accorta di essere incinta. In quel modo avrebbe potuto accertarsi che sia lei che il bambino stessero bene. Il dottore le ha consigliato di prendere acido folico, una vitamina importante in gravidanza.

ইঙ্গা ও তার ডাক্তার ঠিক করে যে, সে তার গর্ভাবস্থায় নিয়মিত চেকআপের জন্য একজন মিডওয়াইফের সাথে দেখা করবে। মিডওয়াইফ তাকে খাবার ও বিশ্রামের বিষয়ে পরামর্শ দিয়েছিল এবং কীভাবে নিজেকে ও তার শিশুকে নিরাপদ ও ভাল রাখা যায়, সে সম্পর্কে তথ্য দিয়েছিল।

• • •

Su consiglio del suo dottore, Inga è entrata in contatto con una ostetrica per effettuare controlli regolari sull’andamento della gravidanza. L’ostetrica le ha dato delle indicazioni sul cibo e sul riposo, e su come mantenere lei stessa e il bambino in buona salute e in forma.

দু’জনই সুস্থ সন্তানের জন্ম দিয়েছিল। সেলামাভিটের আরেকটি ছেলে ছিল, আর ইঙ্গার একটি মেয়ে ছিল। তাদের স্বামীরা খুব গর্বিত হয়েছিল এবং তারা তাদের শক্তিশালী স্ত্রী এবং সুস্থ সন্তানদের সম্পর্কে পরিচিত সবাইকে জানিয়েছিল।

. . .

Entrambe le donne hanno partorito bambini sani. Selamawit ha avuto un altro maschietto, Inga una bambina. I loro mariti erano molto fieri e parlavano di mogli forti e bambini sani a tutti quelli che conoscevano.

# LIDA Stories

lidastories.net

## জন্ম দান

## Partorire


LIDA Norge
Sara Dorthea Johannesen
Tahmina Akter (bn), Andrea Ciasca Marra (it)